দৈনিক
ইত্তেফাক

তারিখ 17 JAN 2008
পৃষ্ঠা ১৭ কলাম ৬

24 Ippm

# পাসের হার শূন্যের কোঠায়ঃ বরিশালের বেশ কিছু শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি স্থগিত করা হচ্ছে

॥ বরিশাল অফিস ॥

বোর্ড পরীক্ষায় পাসের হার শূন্যের কোঠায় থাকায় এ বিভাগের ২০টির অধিক শিক্ষা প্রতিষ্ঠানের সরকারি স্বীকৃতি স্থগিত করা হচ্ছে। সম্প্রতি শিক্ষা বোর্ডের এক সভায় বিভাগের যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীর সংখ্যা ১০ জনের নিচে ও বোর্ড পরীক্ষায় পাসের হার শূন্যের কোঠায় ঐ সকল শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি বাতিলের সিদ্ধান্ত নেয়া হয়। এছাড়া ঐ সভায় জানানো হয় পাসের হার শূন্য কোঠায় থাকায় ইতিমধ্যে বেশ কিছু শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা সরকার বন্ধ করে দিয়েছে। এ ছাড়া একাধিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রতি বছর বোর্ড পরীক্ষায় মাত্র ৮/১০ জন শিক্ষার্থী প্রেরণ করা হয়। অথচ ঐ সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীর চেয়ে অধিক শিক্ষক-কর্মচারী রয়েছে। যাদের পিছনে অর্ধ লাখ থেকে এক লাখ টাকা বেতন ভাতা বাবদ খরচ করা হয়। বোর্ড চেয়ারম্যান প্রফেসর হাসানুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত ঐ সভায় শিক্ষার্থী কম থাকা ও ফলাফল শূন্যের কোঠায় থাকায় ২০/২৫টি শিক্ষা প্রতিষ্ঠানের সরকারি স্বীকৃতি সাময়িক স্থগিত করার সিদ্ধান্ত নেয়া হয়। বোর্ডের একটি সূত্র জানায়, ঐ সকল প্রতিষ্ঠানের মধ্যে কাউখালীর আছিয়া খাতুন মাধ্যমিক বিদ্যালয়, পটুয়াখালীর লামনা মাধ্যমিক বিদ্যালয়, দৌলতখান বাজার মাধ্যমিক বিদ্যালয়ের পাঠদান অনুমতি বাতিল, ভোলার ফরিদগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়, সরাজগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়, ডাঃ আজাহারউদ্দিন বালিকা বিদ্যালয়, কচুয়াখালী মাধ্যমিক বিদ্যালয়ের স্বীকৃতি স্থগিত এবং রাজাপুরের এসবিএস মাধ্যমিক বিদ্যালয়, জুনখোলা পঞ্চগ্রাম মাধ্যমিক বিদ্যালয়, দৌলতখান জয়নুল আবেদীন ল্যাবরেটরী মাধ্যমিক বিদ্যালয়, বরগুনার সোনার বাংলা মাধ্যমিক বিদ্যালয়ের স্বীকৃতি বাতিল হতে পারে। এ তালিকায় একাধিক কলেজের নামও রয়েছে বলে জানা গেছে।